



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৩

তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের দশম শ্রেণি ফাইনাল পরীক্ষা-২০১৯ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৯ সনের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের দশম শ্রেণি ফাইনাল পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষা ৭৫৯ টি কেন্দ্রে একযোগে ০২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি. হতে শুরু হবে (সময়সূচি কপি সংযুক্ত)। সময়সূচি অনুযায়ী ০২/০২/২০১৯ খ্রি. হতে ২৩/০২/২০১৯ খ্রি. পর্যন্ত তাত্ত্বিক পরীক্ষা এবং ২৪/০২/২০১৯ খ্রি. হতে ২৮/০২/২০১৯ খ্রি. পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা চলবে। পরীক্ষা শেষে ঐ দিনের উত্তরপত্র সমূহ ডাকযোগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট পোস্ট অফিসসমূহ খোলা রাখা সহ আইন শৃংখলা রক্ষার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে সময়সূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন (ঢাকা/ রাজশাহী/ রংপুর/ খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় সদর কেন্দ্রসমূহের ক্ষেত্রে মেট্রোপলিটন পুলিশ) কর্তৃপক্ষকে নির্দেশনা দানের জন্য আপনাকে সর্বিনয় অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ

- ১। পরীক্ষার সময়সূচি : ৫ সেট।
২। কেন্দ্র তালিকা : ১ সেট।

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়
পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষামন্ত্রণালয়)]।

স্বাক্ষরিত/-
(মোঃ মোস্তাফিজুর রহমান)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৮১১৩৩৪৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৩

তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ
০২. জেলা প্রশাসক, সকল জেলা।
০৩. সুপারিনটেনডেন্ট অব পুলিশ, সকল জেলা।
০৪. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা। আপনার উপজেলায় অবস্থিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের দশম শ্রেণি ফাইনাল পরীক্ষার প্রশ্নপত্রের প্যাকেটসমূহ (সময়সূচি উল্লেখপূর্বক) ট্রেজারিতে প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্যাকেটসমূহ প্রাপ্তির অব্যবহিত পরই সেগুলো ট্রেজারিতে সংরক্ষণ ও এতদসঙ্গে প্রেরিত সময়সূচিতে বর্ণিত নির্ধারিত তারিখে পরীক্ষা আরম্ভ হওয়ার এক ঘণ্টা পূর্বে নির্দিষ্ট বিষয়ের প্রশ্নপত্র রক্ষার্থে সীলমোহরকৃত খাম/খামসমূহ পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট অর্পণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরীক্ষা সংক্রান্ত প্রাথমিক কাজ যথা-সময়সূচির সাথে ট্রেজারিতে রক্ষার্থে প্রশ্নপত্রের খামসমূহের তারিখ লিপিবদ্ধতা মিলিয়ে দেখা, ইনভিজিটরেটরদের তালিকা প্রণয়ন, পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েন ও পরীক্ষা পরিচালনা কল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সর্বোচ্চ সহায়তা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।
০৫. সংশ্লিষ্ট থানা অফিসার ইনচার্জ (পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েন, আইন শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধ)।
০৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৭. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কেন্দ্র (সময় মোতাবেক পরীক্ষার গ্রহণের জন্য জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে যোগাযোগ করতে ও সর্বোচ্চ সহায়তা প্রদানের অনুরোধসহ)।
০৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. সংশ্লিষ্ট নথি।

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)।